

স্মারক নং- ০৫.৬০.৩৬০০.০১৮.০৬.০০৭.১৯-৯৭০

তারিখ ৪২৫/০৬/২০০১৯খ্রিঃ।

-ঃ জলমহালের ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি ঃ-
(বিজ্ঞপ্তি নং ০২/১৪২৬ বাংলা)

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন জলমহালসমূহের বিস্তারিত বিবরণ (পরিশিষ্ট -ক) মোতাবেক ১৪২৬-১৪২৮ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে নির্ধারিত আবেদন ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে নির্ধারিত মূল্যে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর বিনিময়ে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা এবং এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে আবেদন ফরম অফেরতযোগ্য মূল্যে ক্রয় করা যাবে। আবেদন দাখিলের তারিখে কোন আবেদন ফরম বিক্রয় করা হবে না।

খ) আবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখায় নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করতে হবে।

গ) আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

ঘ) যে কোন জলমহালের ইজারার বিষয়ে মহালের নিকটবর্তী/তীরবর্তী মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

ঙ) ইজারা গ্রহীতাকে প্রত্যেক বছরের ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট ও ৫% আয়কর পরিশোধ করতে হবে।

চ) জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ জামানত হিসেবে জেলা প্রশাসক হবিগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনকারী তার আবেদনের সাথে দাখিল করবেন। শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

ছ) আবেদনের সাথে আবেদনকারীর এক কপি পাসপোর্ট সাইজের ছবি, (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে), ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ও আবেদন ফরমে বর্ণিত অন্যান্য কাগজপত্র দাখিল করতে হবে।

জ) অন্যান্য শর্তাবলী আবেদন ক্রয়ের সময় দেখা যাবে কিংবা পাওয়া যাবে।

-ঃ দরপত্রের দিনপঞ্জি ঃ-

আবেদনের পর্যায়	আবেদন ফরম বিক্রির তারিখ	আবেদন দাখিলের তারিখ ও সময়	জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভা
১ম পর্যায়	১৪/০৭/২০১৯ ও ১৫/০৭/২০১৯	১৬/০৭/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	৭ (সাত) কার্যদিবসের মধ্যে
২য় পর্যায়	২৮/০৭/২০১৯ ও ২৯/০৭/২০১৯	৩০/০৭/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	ঐ
৩য় পর্যায়	১৮/০৮/২০১৯ ও ১৯/০৮/২০১৯	২০/০৮/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	ঐ
৪র্থ পর্যায়	০১/০৯/২০১৯ ও ০২/০৯/২০১৯	০৩/০৯/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	ঐ
৫ম পর্যায়	১৫/০৯/২০১৯ ও ১৬/০৯/২০১৯	১৭/০৯/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	ঐ
৬ষ্ঠ পর্যায়	২৯/০৯/২০১৯ ও ৩০/০৯/২০১৯	০১/১০/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	ঐ

৭৪৬